একাডেমিক শাখা
রেজিস্ট্রার দপ্তর
প্রশাসনিক ভবন ৫ম তলা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম, বাংলাদেশ
তারিখ: ২৭.৮.২০২৫

# ভর্তি পরীক্ষা

## শিক্ষাবর্ষ : ২০২৪-২০২৫

**৫ম পর্যায়ে (স্পট বরাদ্দপ্রাপ্ত) প্রাথমিক ভর্তিকৃত ও ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের অনলাইনে SIF পূরণ এবং ভর্তি ফিস জমাদানের পুনর্নির্ধারিত সময়সূচি এবং এ বিষয়ে করণীয় সংক্রান্ত বিজ্ঞপ্তি :**

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে সকল ইউনিট ও উপ-ইউনিটে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ৫ম পর্যায়ে (5th Call) (স্পট বরাদ্দপ্রাপ্ত) প্রাথমিক ভর্তিকৃত ও ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত সকল শিক্ষার্থী এবং সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে-

১. সকল ইউনিট/উপ-ইউনিটে সাধারণ ও কোটার আসনে ৫ম পর্যায়ে (5th Call) স্পট বিভাগ/ইনস্টিটিউট বরাদ্দপ্রাপ্ত ও প্রাথমিক ভর্তি সম্পন্নকারী সকল শিক্ষার্থীর অনলাইনে SIF পূরণ এবং কর্তৃপক্ষ কর্তৃক ধার্য্যকৃত ভর্তি ফিস জমাদানের সময়সীমা আগামী **১ সেপ্টেম্বর থেকে ৩ সেপ্টেম্বর ২০২৫** তারিখ পর্যন্ত পুনর্নির্ধারণ করা হলো।

২. এ সকল শিক্ষার্থীকে পুনর্নির্ধারিত সময়সীমার মধ্যে অনলাইনে Student Information Form (SIF) পূরণ করতে হবে। অনলাইনে SIF পূরণের সময়ে Student ID স্বয়ংক্রিয়ভাবে Generate হবে।
অনলাইনে SIF পূরনের পর SIF ও ভর্তি ফি জমা দেয়ার ব্যাংক রশিদ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটে স্ব স্ব শিক্ষার্থীর প্রোফাইল পেইজ থেকে ডাউনলোড করে প্রিন্ট করতে হবে। চূড়ান্ত ভর্তির সময়ে A4 সাইজের ০২ (দুই) টি SIF ও ০১ (এক) টি ব্যাংক রশিদ এর প্রিন্ট কপি সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউটে জমা দিতে হবে এবং কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত ভর্তি ফিস সংশ্লিষ্ট বিভাগ/ ইনস্টিটিউটে অফিস সময়ে উপরোল্লিখিত তারিখের মধ্যে জমা দিয়ে স্ব স্ব শিক্ষার্থীর চূড়ান্ত ভর্তি নিশ্চিত করতে হবে।

৩. প্রয়োজনীয় ডকুমেন্ট/কাগজপত্রসহ ব্যাংক রসিদে উল্লিখিত অর্থ (ভর্তি ফিস) উপরোল্লিখিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগ/ ইনস্টিটিউট অফিস প্রত্যেক শিক্ষার্থীর কাছ থেকে নগদ জমা নিবে। প্রতিটি বিভাগ/ইনস্টিটিউট অফিস প্রতি কর্ম দিবস শেষে সকল ব্যাংক রসিদ এবং চূড়ান্তভাবে নির্বাচিত ভর্তিচ্ছুদের নামের তালিকাসহ প্রাপ্ত সকল অর্থ (ভর্তি ফিস) পুনর্নির্ধারিত তারিখের মধ্যে অগ্রণী ব্যাংক পিএলসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতি ও ইনস্টিটিউটের পরিচালক সার্বিক বিষয় তদারকি করবেন।
অগ্রণী ব্যাংক পিএলসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা কর্তৃপক্ষ অর্থ (ভর্তি ফিস) প্রাপ্তি সাপেক্ষে সকল ব্যাংক রসিদ যথাযথভাবে সীল ও স্বাক্ষর দিয়ে বিভাগ/ইনস্টিটিউট অফিসকে সাথে সাথে ফেরত দিবে। পরবর্তীতে বিভাগ/ইনস্টিটিউট অফিস সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীকে ব্যাংক রসিদের ছাত্র/ছাত্রী কপি ফেরত দিবে। স্ব স্ব বিভাগ/ ইনস্টিটিউট অফিস সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর SIF ও ব্যাংক রসিদের একটি করে কপি সংরক্ষণ করবেন।

**সংশ্লিষ্ট সকল শিক্ষার্থীকে ভর্তি নির্দেশিকায় উল্লিখিত ভর্তির নিয়মাবলী অনুসরণ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।**

উক্ত সময়সীমার মধ্যে চূড়ান্ত ভর্তির জন্য নির্বাচিত কোন ছাত্র/ছাত্রী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে তাদের ভর্তির প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

**উল্লেখ্য, ১৭.০৮.২০২৫ তারিখে প্রচারিত বিজ্ঞপ্তি অনুযায়ী ৪র্থ পর্যায় (4th Call) শেষে Auto Migration এর মাধ্যমে নতুন বিভাগ/ইনস্টিটিউট প্রাপ্তদের চূড়ান্ত ভর্তি কার্যক্রমের নির্ধারিত সময়সীমা অপরিবর্তিত থাকবে।**

এ সম্পর্কিত তথ্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটে (https://www.admission.cu.ac.bd) পাওয়া যাবে এবং প্রয়োজনে ভর্তি নির্দেশিকায় উল্লিখিত হট্ লাইন ও হেল্প লাইন নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়াও প্রয়োজনে হেল্প ডেস্কে যোগাযোগ করা যাবে।

আদেশক্রমে-

২৭-৮-২৫

(এস.এম.আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ও সচিব, ভর্তি কমিটি।

27.08.25
10.15am